



সূত্র

তারিখ:

প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানকারীর (পিসিএসপি) অনুমোদন

বিষয়: (পিসিএসপি) এর আবেদনের অনুমোদন;

- নতুন অনুমোদন
 নবায়ন
 রেজিস্ট্রেশন নম্বর.....

এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানকারী কে
নিম্নে লিখিত শর্তে ওয়ার্ড নম্বরএ নিম্নোক্ত এলাকায় কাজ পরিচালনার জন্য অনুমোদন নবায়ন করা গেল;

১.
২.

শর্তাবলী

- * প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানের জন্য ডিসিসি কোন প্রকার অর্থনৈতিক সহায়তা প্রদান করবে না।
- * এলাকার সম্মানিত কমিশনার এবং জনগোষ্ঠীর সাথে পিসিএসপি সমন্বয় সাধন করবে এবং প্রতিদিন গৃহস্থালীর বর্জ্য সংগ্রহ করবে। পিসিএসপি নিজ খরচে, নিজস্ব জনবল এবং পরিবহণ ব্যবস্থা ব্যবহার করে নির্দিষ্ট কন্টেইনার/ ডাস্টবিনে বর্জ্য অপসারণ করবে।
- * কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পর্যাপ্ত জনবল, রিক্সা ভ্যান, হাত গাড়ি ও অন্যান্য সরঞ্জাম থাকতে হবে।
- * ডিসিসির বর্তমান ব্যবস্থাপনা অনুসারে, বর্জ্য কন্টেইনার/ ডাস্টবিন হতে সংগ্রহ করা হবে।
- * পিসিএসপিকে বিকাল ৬টা হতে রাত ১০টার মধ্যে কন্টেইনার/ ডাস্টবিনে বর্জ্য অপসারণ করতে হবে।
- * ডিসিসি কর্তৃক নির্দিষ্ট নয় এমন স্থানে (নিচু জমি, শূন্য জমি ইত্যাদি) বর্জ্য অপসারণ নিষিদ্ধ।
- * পিসিএসপি কখনও কন্টেইনার/ ডাস্টবিনের কাছে পুনঃপ্রক্রিয়াজাত সামগ্রী আলাদা করতে পারবে না। যদি প্রয়োজন হয় তাহলে, পিসিএসপি কন্টেইনার/ ডাস্টবিনের কাছে পৌঁছানোর পূর্বেই পুনঃপ্রক্রিয়াজাতযোগ্য সামগ্রী আলাদা করতে পারবে।
- * নতুন পদ্ধতিতে বর্জ্য সংগ্রহের (কম্প্যাক্টর ট্রাক কালেকশন) আওতাভুক্ত এলাকায় পিসিএসপি কাজ করলে/ করতে চাইলে, অবশ্যই কম্প্যাক্টর ট্রাকের বর্জ্য সংগ্রহের সময়, স্থান (কালেকশন স্টেশন), সরঞ্জামাদি (বালতি/ বিন/ বোল/ ম্যাট ইত্যাদি) বিষয়ক নিয়ম/ পদ্ধতি মেনে চলতে হবে তথা সরঞ্জামাদি নিশ্চিত করতে হবে।
- * বর্জ্য সংগ্রহ ব্যবস্থার যে কোন রকম পরিবর্তনের ক্ষেত্রে পিসিএসপি ডিসিসিকে অবহিত করবে।
- * বর্জ্য সংগ্রহ ব্যবস্থার পিসিএসপি কোনক্রমেই তার মালিকানা পরিবর্তন (সাবকন্ট্যাক্ট) করতে পারবে না।
- * পিসিএসপি যদি তার নিজের কর্ম এলাকায় কন্টেইনার/ ডাস্টবিন চায় তবে ডিসিসি মাঠ পর্যায়ের পরীক্ষণের পরে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- * এলাকার জনগোষ্ঠীর সহযোগীতার জন্য পিসিএসপি জনসচেতনতা এবং মতামত উপস্থাপনমূলক কর্মসূচী গ্রহণ করবে।
- * পিসিএসপি কাজ শুরু করার পূর্বেই সংশ্লিষ্ট এলাকার বর্জ্য ব্যবস্থাপনার উপর একটি জড়িপের প্রতিবেদন বর্জ্য ব্যবস্থাপনা বিভাগে জমা দিবে।
- * পিসিএসপি প্রতি মাসে প্রথম সপ্তাহে নির্দিষ্ট ফরমে পূর্ববর্তী মাসের প্রতিবেদন জমা দিবে।
- * প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রদানকারী নিয়মিতভাবে পরিচ্ছন্ন পরিদর্শক, জনগণ, কমিউনিটি ইউনিট ওয়ার্কিং গ্রুপ ও এলাকার সামাজিক সংগঠনের সাথে যোগাযোগ রক্ষা করবে।
- * বর্জ্য সংগ্রহের সময় রিক্সা ভ্যানের উপরে অবশ্যই ত্রিপল/ঢাকনা ব্যবহার করতে হবে।
- * কর্ম এলাকার পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে, কর্তৃপক্ষ (বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ডিসিসি) এই অনুমোদনের যে কোন রকম পরিবর্তন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।